## অপরাজিতার বনে

আমাকে কি ভুলে গেছো, অপরাজিতার বন?
ছেড়েছে আসঙ্গলিপ্সা, প্রেম, মান - অভিমান
তোমার লতারকুঞ্জে ফুটে থাকা নীল প্রতিদান
একি ফুল? নাকি দূর অতীতের ফেলা যাওয়া আমারই চুম্বন?

পুষ্প হয়ে ফিরে এসে পুনর্বার কাঁদাবে আমাকে
চন্দ্র দুগ্ধে ধুয়ে যায় এই গ্রাম, এই তেপান্তর
নিঃসঙ্গ দাঁড়িয়ে দেখি অকস্মাৎ কাঁপছে অন্তর
হে অপরাজিতার লতা সম্বরণ করো এই চোখের মায়াকে।

কিংবা করো অন্ধকার মেঘাচ্ছন্ন লোহিতলোচন
যেন আর না দেখি সে নীল চোখ গভীর হলুদ
কবি ছাড়া বলো আর কারা করে ঋণ পরিশোধ
না আর নেই কেউ আমি আর তুমি, কুঞ্জবন
স্মৃতির ভেতরে থাকো হে নীল নয়না, নীরবতা
আর কোনো বার্তা নেই, মাত্রা নেই স্তব্ধ কথকতা।

আল মাহমুদ

সৃষ্টিসন্ধান